

ঢাকা ভাৰ্সিটিতে হিজাব ৰ্যালি

বিশ্ববিদ্যালয় ৰিপোর্টার

প্রকাশিত: ০০:৫৪, ২ ফেব্রুয়ারি ২০২৫



ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে শনিবার হিজাব ৰ্যালি বের হয়

বিশ্ব হিজাব দিবস উপলক্ষে প্রোটেস্ট অ্যাগেইনস্ট হিজাবোফোবিয়া-ঢাকা ইউনিভার্সিটি এর উদ্যোগে প্রথমবারের মতো হিজাব ৰ্যালি অনুষ্ঠিত হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ে। শনিবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি চত্বর থেকে ৰ্যালিটি শুরু হয়ে টিএসসি হয়ে রাসেল টাওয়ার ঘুরে আবারও রাজু ভাস্কর্যে গিয়ে শেষ হয়। এরপর সেখানে সংক্ষিপ্ত সমাবেশ হয়।

সংক্ষিপ্ত সমাবেশে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী মিশকাতুল জান্নাত বলেন, যে কোনো বিষয়ে জানার জন্য আমাদের তার পেছনের ইতিহাস জানা সব থেকে জরুরি। আমরা যেমন দেখেছি, জুলাই অভ্যুত্থানের মাত্র কয়েক মাসের মধ্যে বিভিন্ন প্রকার প্রপাগান্ডার শিকার হয়েছি, ইতিহাস বিকৃত করা হচ্ছে।

তাই আমরা যদি আমাদের ইতিহাস না জানি তাহলে এই হিজাব ডে এটি আস্তে আস্তে হারিয়ে যাবে। বিগত চার বছর ধরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগ বিশ্ব হিজাব দিবস ঘিরে কিছু কিছু ইভেন্ট করেছে। তবে সার্বিকভাবে এটা এখনো বাংলাদেশে পপুলার না।

র্যালিটির অন্যতম আয়োজক স্বাধীন বাংলাদেশ ছাত্র সংসদের আহ্বায়ক জামালুদ্দিন খালেদ বলেন, যারা হিজাব নিকাব পরিধান করেছেন তারা ফ্যাসিবাদের আমলে বিভিন্নভাবে হেনস্তার শিকার হয়েছেন। শুধু হিজাব নিকাবই নয়, যারা দাঁড়ি টুপি পরত তারাও বৈষম্যের শিকার হয়েছেন। পশ্চিমা এগুলোকে এক ধরনের জঙ্গিবাদের চিহ্ন হিসেবে উপস্থাপন করেন। এই সংস্কৃতি থেকে বের হয়ে আসার জন্যই মূলত আমাদের প্রচেষ্টা।